



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন  
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০  
জনসংযোগ বিভাগ

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.

তারিখ: ০৪ পৌষ ১৪২৫  
১৯ ডিসেম্বর ২০১৯

### সংবাদ বিজ্ঞপ্তি

খাদ্য উৎপাদন বাড়ানোর জন্য সেচকে আরো বেশি সহজলভ্য করতে হবে  
-বিএডিসি'র সেমিনারে কৃষি সচিব

খাদ্য উৎপাদন বাড়ানোর জন্য সেচকে আরো বেশি সহজলভ্য করতে হবে। ২০৩০ সালের মধ্যে ভূ-উপরিষ্কৃ পানির ব্যবহার ৫০ ভাগে উন্নীত করতে হবে। আজ ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখ বিএডিসি'র সেচ ভবনস্থ অডিটোরিয়ামে আয়োজিত “বাংলাদেশের বর্তমান সেচ ব্যবস্থা এবং টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিতকরণে বিএডিসি'র কার্যক্রমশীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে কৃষি সচিব জনাব মো. নাসিরুজ্জামান এসব কথা বলেন।

বিএডিসি'র চেয়ারম্যান জনাব মো. সায়েদুল ইসলাম এর সভাপতিত্বে সেমিনারে বিশেষজ্ঞ আলোচকের বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সদস্য পরিচালক ড. সুলতান উদ্দিন আহমেদ, বিএডিসি'র প্রধান প্রকৌশলী (নির্মাণ) জনাব মোঃ ফেরদৌসুর রহমান।

কৃষি সচিব বলেন, বিএডিসি বারিড পাইপ লাইন নির্মাণের মাধ্যমে পানির অপচয় কমিয়েছে। খাদ্য নিরাপত্তার জন্য বিএডিসি'র নিজেদের উদ্যোগে সেচ এলাকা বাড়াতে হবে। কম জীবনকালের বীজের জাত ব্যবহার করে কৃষকের উৎপাদন বাড়ানো যায়। সেচের পানির অপচয় কমানোর জন্য বিএডিসিকে নতুন নতুন প্রযুক্তি কৃষকের দৌরগোড়ায় নিয়ে যেতে হবে।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএডিসি'র সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব তুলসী রঞ্জন সাহা, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) ড. শেখ হাবিবুর রশিদ আহমেদ, সদস্য পরিচালক (অর্থ) জনাব মো. আরিফ, বিএডিসি'র সচিব জনাব আব্দুল লতিফ মোল্লা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রধান প্রকৌশলী (সওকা) জনাব মো. লুৎফর রহমান। স্বাগত বক্তব্য রাখেন প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জনাব মো. জিয়াউল হক।

সেমিনার শেষে কৃষি সচিব সেচ ভবন চত্বরে “সেচ ও কৃষি যন্ত্রপাতি মেলা” উদ্বোধন করেন এবং বিভিন্ন স্টল ঘুরে দেখেন। এ সময় বিএডিসি'র চেয়ারম্যান, উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও বিএডিসি'র মাঠ পর্যায়ের প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত

(মোঃ জুলফিকার আলী)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: pro@badc.gov.bd

